



জেলা পরিষদ
পাবনা।

স্মারক নং : ৪৬.০০.৭৬০০.০০২.১২.০১৬.২০২৩.৪৪৪

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ


দরপত্র বিজ্ঞপ্তি (প্রকিউরমেন্ট অব সার্ভিস-এসএফবি মেথড এটিএম)

'পাবনা জেলা পরিষদ ভবন, অডিটোরিয়াম ও বিপনী বিতান কাম বাণিজ্যিক কমপ্লেক্স' নির্মাণের নিমিত্ত ভবনের আর্কিটেকচার, ইলেকট্রিক্যাল, প্রাথমিকসহ এরূপ প্রকল্প নির্মাণে সরকারি শর্তসমূহ পূরণযোগ্য (এলজিইডি থেকে অনুমোদনের স্ট্যান্ডার্ড উপযোগী) প্রয়োজনীয় প্র্যান ও কাগজপত্র সরবরাহের জন্য পিপিআর ২০০৮ মোতাবেক একটি কনসাল্টেন্ট ফার্ম নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাধীন প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র শিডিউল আগামী ২৪/০১/২০২৪ তারিখ পর্যন্ত বিক্রয় করা হবে এবং একই দিন বেলা ১২:০০টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাঞ্ছ দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র/কোটেসন গ্রহণ করা হবে না। পরবর্তীতে ২৫/০১/২০২৪ তারিখ বেলা ১২:৩০ টায় দরপত্রদাতা/কোটেসনদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছ খোলা হবে।

শর্তাবলী :

- ১। আগ্রহী কোটেসন দরদাতাকে নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে প্রতিটি আইটেমের জন্য একক দর অংকে ও কথায় পরিষ্কার করে উল্লেখ করতে হবে। বিল হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ২। কার্যাদেশ প্রদানের ০২(দুই) মাসের মধ্যে প্র্যান ও কাগজপত্র সরবরাহের সরবরাহ করতে হবে।
- ৩। কোটেসনের সাথে যেসব কাগজ-পত্র দাখিল করতে হবে- ক। ট্রেড লাইসেন্স খ। টিআইএন (যদি থাকে) গ। জাতীয় পরিচয়পত্র। উল্লেখ্য, প্রকল্পের ধারণাগত প্রস্তাবিত নকশা ও ৩ডি পার্সপেকটিভ দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ৪। কনসাল্টেন্ট ফার্মের যে কোন জেলা পরিষদের সাথে পূর্বে সফলভাবে সম্পন্ন কাজের অভিজ্ঞতা অগ্রাধিকার বিবেচিত হবে। কনসাল্টেন্ট ফার্মের সুপার মার্কেট নির্মাণ জাতীয় বড় প্রজেক্ট এর কাজ সম্পাদনের পূর্ব অভিজ্ঞতা থাকা এবং আইএবি/আইইবি এর সদস্যপদ থাকা আবশ্যিক। এছাড়া কনসাল্টেন্টের অবশ্যই কোন স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে বিএসসি সিভিল/বি.আর্কিটেকচার ডিগ্রি থাকতে হবে।
- ৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময়ে সকল কোটেসন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

সংযুক্ত : সেবার বিবরণী সংযোজনী-০১।


২৬/০১/২৪
(মোঃ আলতাফ হোসেন)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, পাবনা।

অনুলিপি :

- ০১। চেয়ারম্যান, জেলা পরিষদ, পাবনা।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, এল.জি.ই.ডি, পাবনার প্রতিনিধি।
- ০৪। উপ সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা।
- ০৫। জেলা পরিষদ, পাবনা এর ওয়েবসাইট/নোটিশ বোর্ড।
- ০৬। বিজ্ঞাপন ম্যানেজার ১। দৈনিক ভোরের কাগজ, ৭০ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মালিবাগ, ঢাকা ২। Daily Country Today, 28 Topkhana Road, Dhaka 1000 (তাকে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আগামী ২৭/১২/২০২৩ খ্রিঃ তারিখে ৪ কলামে প্রয়োজনীয় ইঞ্চি পরিসরে ভিতরের পাতায় এক দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। কেয়ারটেকার (সকল), উপজেলা ডাকবাংলো (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত)।